



## বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

আঞ্চলিক কার্যালয়, বরিশাল

খাদেম কমপ্লেক্স (২য় তলা), বি. এম কলেজ রোড, বৈদ্যপাড়া, বরিশাল। ফোন-০২৪৭৮৮৩১৪৮০

### উন্মুক্ত নিলাম বিজ্ঞপ্তি

বিসিসি, বরিশাল আঞ্চলিক কার্যালয়ে কিছু সংখ্যক অকেজো যন্ত্রপাতি ও মালামাল (কম্পিউটার, কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি, আসবাবপত্র ও অন্যান্য অফিস সরঞ্জামাদি) যেখানে যে অবস্থায় আছে ২ টি লটে নিলামের মাধ্যমে বিক্রয়ের নিমিত্ত আগামী ৩০/০৫/২০২৩ ইং তারিখ সকাল ১১:০০ ঘটিকায় উন্মুক্ত নিলাম ডাক অনুষ্ঠিত হবে। উল্লেখ্য তারিখের পূর্ব পর্যন্ত মালামালসমূহ স্বশরীরে বিসিসি বরিশাল আঞ্চলিক কার্যালয়ে এসে পরিদর্শন করা যাবে এবং নিলাম সংক্রান্ত ২টি কোটেশন ফরম ১৫০/- করে মোট ৩০০/- টাকায় (অফেরতযোগ্য) দপ্তর হতে সংগ্রহ করা যাবে। নিলামের যাবতীয় শর্তাবলী ও মালামালের বিবরণ নিলাম কোটেশনে উল্লেখিত আছে। আগ্রহী ক্রেতাগণকে আগামী ২৯-০৫-২৩ তারিখের মধ্যে নিলাম কোটেশন সেন্টার ইনচার্জ, বিসিসি, বরিশাল মহোদয়ের দপ্তরে জমা প্রদান করতে হবে।

এমতাবস্থায়, নিলামে আগ্রহী বাংলাদেশী নাগরিক/ব্যবসায়ী প্রতিষ্ঠানকে উক্ত সময়ে নিয়ে স্বাক্ষরকারীর দপ্তরে স্ব-শরীরে উপস্থিত থেকে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে অংশগ্রহণের জন্য অনুরোধ জানানো হ'ল।

#### শর্তসমূহ:

(ক) নিলামে অংশগ্রহণের পূর্বে আগামী ২৯-০৫-২৩ ইং তারিখের মধ্যে কোটেশন সমেত জামানত বাবদ নগদ ১০০০০/- (দশ হাজার) টাকা “সেন্টার ইনচার্জ, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, বরিশাল”-অনুকূলে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট জমা প্রদান করতে হবে এবং ছবি, জাতীয় আইডি কার্ডের কপি/হালনাগাদ ট্রেড লাইসেন্সের কপিও দাখিল করতে হবে।

(খ) অংশগ্রহণকারীর নিলাম ডাক গৃহীত না হলে জামানতের টাকা ফেরত প্রদান করা হবে।

(গ) নির্বাচিত সর্বোচ্চ দরদাতাকে অফিস আদেশ দেয়ার সর্বোচ্চ ০৭(সাত) দিনের মধ্যে ডাককৃত মূল্য “সেন্টার ইনচার্জ, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, বরিশাল” এর অনুকূলে পে-অর্ডারের মাধ্যমে প্রদান করে মালামাল গ্রহণ করতে হবে ও নিজ দায়িত্বে পরিবহন করতে হবে এবং সমুদয় অর্থের উপর ভ্যাট ও ট্যাক্স প্রদান করতে হবে।

(ঘ) নির্ধারিত সময়ে সমুদয় অর্থ প্রদান করে মালামাল গ্রহণ করতে ব্যর্থ হলে জামানত বাজেয়াপ্ত বলে গণ্য হবে।

(ঙ) কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা বিসিসি কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

সেন্ট ইন চার্জ,

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, বরিশাল